

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-১২৭৪(আগরতলা-১৭।০৭)
কৈলাসহর, ১৭ জুলাই'১৭

কৈলাসহরে সবুজ চা প্রক্রিয়াকরণ
কারখানার ভিত্তি প্রস্তর স্থাপিত

কৈলাসহর থেকে প্রায় ১৪ কিঃমিঃ দূরে উপজাতি অধ্যুষিত পঞ্চমনগরে সম্প্রতি সবুজ চা প্রক্রিয়াকরণ কারখানার ভিত্তি প্রস্তর স্থাপন করেন শিল্প ও বাণিজ্য মন্ত্রী তপন চক্রবর্তী। প্রায় চার হাজার বর্গফুট এলাকা নিয়ে এই চা প্রক্রিয়াকরণ কারখানা গড়ে তোলা হচ্ছে। এতে ব্যয় হবে ১ কোটি ২০ লক্ষ টাকা।

ভিত্তি প্রস্তর স্থাপন উপলক্ষ্যে পঞ্চমনগর কমিউনিটি হলে এক সভার আয়োজন করা হয়। সভায় আলোচনা করতে গিয়ে শিল্প মন্ত্রী বলেন, আমাদের দেশে গ্রীন টি-এর ব্যাপক চাহিদা রয়েছে। তিনি আশা প্রকাশ করেন, এই কারখানাটির নির্মাণ কাজ যথাসময়ে শেষ হবে এবং গুণমান সমৃদ্ধ চা উৎপাদিত হবে। অনুষ্ঠানে বক্তব্য রাখেন উনকোটি জিলা পরিষদের সভাপতি কল্পনা দেবনাথ। সভাপতিত্ব করেন মাইলং এ ডি সি ভিলেজের চেয়ারম্যান শকুন্তলা দেববর্মা। স্বাগত বক্তব্য রাখেন ত্রিপুরা চা উন্নয়ন নিগমের চেয়ারম্যান সুভাষ চন্দ্র দাস।
